যায়যায়দিন

তারিখ 31 JUL 2012
পৃষ্ঠা ৬ কলাম ২

বেসরকারি শিক্ষকদের ধর্মঘটের ঘোষণা

যাযাদি রিপোর্ট

শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষানীতি ২০১০ দ্রুত বাস্তবায়ন, সরকারি-বেসরকারি বৈষম্য দূর করাসহ ১৭ দফা দাবিতে আগামী ৮ থেকে ১৩ সেপ্টেম্বর লাগাতার ধর্মঘটের ঘোষণা দিয়েছে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। সোমবার রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক ও শিক্ষক সমিতির সভাপতি আতিয়ার রহমান লিখিত বক্তব্য বলেন, তারা দাবি পূরণের জন্য কঠোর আন্দোলনে নামতে বাধ্য হয়েছেন।

তিনি বলেন, দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২০ থেকে ২৬ আগস্ট দেশের সব নির্বাচনী এলাকায় এমপিদের সঙ্গে মতবিনিময়, ২৭ থেকে ৩১ আগস্ট সব জেলা-উপজেলায় সংগ্রাম কমিটি গঠন, ১ থেকে ৭ সেপ্টেম্বর স্কুল কমিটি, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ইউপি চেয়ারম্যান ও সদস্য, সিটি করপোরেশন/পৌরসভার মেয়র, কমিশনার, পেশাজীবী, বুদ্ধিজীবী, সাংবাদিক, কলামিস্ট, অভিভাবক, রাজনীতিবিদসহ সর্বস্তরের মানুষের সঙ্গে মতবিনিময় করা হবে। শেষে আগামী ১৬ সেপ্টেম্বর ঢাকায় শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ করা হবে।

লিখিত বক্তব্যে তিনি বলেন, শিক্ষা মৌলিক অধিকার। অথচ স্বাধীনতার ৪১ বছরে এসেও বিভিন্ন সময়ের সরকারগুলো এটি উপেক্ষা করে আসছে। বাজেটেও এ খাতকে উপেক্ষা করা হয়েছে।

তিনি বলেন, তাদের দাবিগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো- শিক্ষাব্যবস্থা জাতীয়করণে শিক্ষানীতি ২০১০ দ্রুত বাস্তবায়ন, সরকারি-বেসরকারি বৈষম্য দূর করতে শিক্ষক-কর্মচারীদের সমপরিমাণ বার্ষিক ইনক্রিমেন্ট, বাড়িভাড়া, উৎসব ভাতা, মেডিকেল ভাতা দেয়া। বিশ্ববিদ্যালয়ের মতো স্কুল শিক্ষকদের চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা।

শিক্ষা জাতীয়করণ, শিক্ষানীতি দ্রুত বাস্তবায়ন
সরকারি-বেসরকারি বৈষম্য দূর করাসহ ১৭ দফা দাবি

এ সময়ে সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক ও বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. নূর মোহাম্মদ তালুকদার, বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের সমন্বয়কারী রঞ্জিত কুমার সাহা, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ জাহাঙ্গীর প্রমুখ।